গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা পল্টন,
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

# নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | শেখ রফিকুল ইসলাম. পিএএ<br>প্রধান নিয়ন্ত্রক |
| সভার তারিখ | ১৭ মে ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | ১২.০০ ঘটিকা |
| স্থান | প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | 'পরিশিষ্ট-ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি বর্তমানে অত্র দপ্তরের সেবা প্রদানে স্বচ্ছতা, জবাবদিহিতা ও উন্নত নাগরিক সেবা প্রদানের সফলতার প্রশংসা করেন এবং সফলতার ধারা অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতি নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব মোঃ সিরাজুল ইসলামকে সভার বিষয়বস্তু উপস্থাপন করার অনুরোধ করেন ।

২। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব মোঃ সিরাজুল ইসলাম সভার বিষয়বস্তু উপস্থাপন করেন। সভায় উপস্থাপনার প্রেক্ষিতে সম্মানিত সদস্যগণ পর্যায়ক্রমে আলোচনায় অংশগ্রহণ করেন ।

আলোচ্যসূচি অনুযায়ী সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

৩। ৩য় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৩.১ | উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ কোন সংশোধন প্রস্তাব নেই মর্মে সভাকে অবহিত করেন । | কোন সংশোধন প্রস্তাব না থাকায় ৩য় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো । |

৪। ৩য় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৪.১ | Online Licensing Module (OLM) এ আবেদনের সেবাভিত্তিক নির্দেশিকা ওয়েবসাইটে আপলোড করতে হবে । । | ওয়েবসাইটে আপলোড করা হয়েছে । |

৫। আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা পর্যালোচনাঃ

| ক্রম | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ৫.১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণেসভা আয়োজন | ২০২২-২৩ অর্থবছরের ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। অদ্যাবদি ২টি সভা অনুষ্টিত হয়েছে। | ৪র্থ ত্রৈমাসিকে ১টি সভা আয়োজন করতে হবে। |
| ৫.২ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ২০২২-২৩ অর্থবছরের ২টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ১টি প্রশিক্ষণ অনুষ্টিত হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরের আরো ১টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। |
| ৫.৩ | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি | ২০২২-২৩ অর্থবছরের ২টি কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ১টি কর্মপরিকল্পনা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরের অবশিষ্ট ১টি কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। |
| ৫.৪ | আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণপ্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ২০২২-২৩ অর্থবছরের ৩টি ফিডব্যাক প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ২টি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরের অবশিষ্ট ১টি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান করতে হবে। |
| ৫.৫ | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের জন্য বাজেট শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। | বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। |
| ৫.৬ | বাজেট বাস্তবায়ন | ২০২২-২৩ অর্থবছরের বাজেট বাস্তবায়নের জন্য বাজেট শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরের বাজেট যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। |
| ৫.৭ | সেবাগ্রহিতাদের নিয়ে  গণশুনানীর আয়োজন | ২০২২-২৩ অর্থবছরে সেবাগ্রহিতাদের নিয়ে ২টি গণশুনানী আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | ৪র্থ ত্রৈমাসিকে সেবাগ্রহিতাদের নিয়ে ১টি গণশুনানী আয়োজন করতে হবে। |
| ৫.৮ | আঞ্চলিক দপ্তর পরিদর্শন | ২০২২-২৩ অর্থবছরে ৪টি আঞ্চলিক দপ্তর পরিদর্শনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ৩টি আঞ্চলিক দপ্তর পরিদর্শন করা হয়েছে। | ৪র্থ ত্রৈমাসিকে অবশ্যই ১টি আঞ্চলিক দপ্তর পরিদর্শন করতে হবে। |

৬। সভা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| **ক্রম** | **সিদ্ধান্ত** |
|---|---|
| ৬.১ | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ প্রণয়ন করা হয়েছে যা বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |
| ৬.২ | দপ্তরের সিটিজেন চার্টার যথাযথভাবে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। |

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-০৫-২০২৩
শেখ রফিকুল ইসলাম. পিএএ
প্রধান নিয়ন্ত্রক
controller.chief@ccie.gov.bd

**নম্বর:** ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০০৭.২২.৮৫৭

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর;
২। যুগ্ম নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর;
৩। সহকারী নিয়ন্ত্রক, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর;
৪। নির্বাহী কর্মকর্তা-২, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর;
৫। উচ্চমান সহকারী-১, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এবং
৬। ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

৩০-০৫-২০২৩
শেখ রফিকুল ইসলাম. পিএএ
প্রধান নিয়ন্ত্রক